

প্রযুক্তির নাম : আলু-পানিকচু-রোপা আমন শস্য ক্রমে সমন্বিত পুষ্টি ব্যবস্থাপনা

প্রযুক্তির ছবি :



ছবি- আলু-পানিকচু-রোপাআমন শস্যক্রমে সমন্বিত সার ব্যবস্থাপনা

বিস্তারিত বিবরণ :

গোবর সারের (৬ টন/হে.) সাথে অজৈব সার (আলুর জন্য  $N_{133}P_{10}K_{130}S_{10}$  কেজি/হে., কচুর জন্য  $N_{130}P_{15}K_{120}S_{12}$  কেজি/হে: এবং ধানের জন্য  $N_{60}P_9K_{50}S_8$  কেজি/হে:) সমন্বিত ভাবে প্রয়োগ করতে হবে।

প্রয়োগ:

আলুর জন্য:

সব গোবর, টিএসপি, এমওপি, জিংক সালফেট এবং অর্ধেক ইউরিয়া জমি তৈরীর সময় প্রয়োগ করতে হবে। বাকী অর্ধেক ইউরিয়া ৩০ দিন পর প্রয়োগ ও মাটি উঠিয়ে দিতে হবে।

পানি কচুর জন্য:

সমস্ত গোবর, টিএসপি, জিপসাম, জিংক সালফেট ও অর্ধেক পটাশ প্রয়োগ করতে হবে। নাইট্রোজেন ছয় কিস্তিতে (৬০ দিন পর থেকে ১৫-২০ দিন অন্তর অন্তর)। বাকী পটাশ ৬০ দিন পর প্রয়োগ করতে হবে।

ধানের জন্য :

জমি তৈরীর সময় ফসফরাস, পটাশ, সালফার ও জিংক প্রয়োগ করতে হবে। নাইট্রোজেন তিন কিস্তিতে যেমন শেষ চাষ , আগাম টিলারিং স্টেজ এবং শীষ বের হওয়ার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে।

বৈশিষ্ট্যসমূহ:

- উৎপাদন বৃদ্ধি পাবে (আলু, খান ও লতির জন্য যথাক্রমে ৬০, ৫০ এবং ১৫০%)।
- রাসায়নিক সারের ব্যবহার কমবে।
- মাটির স্বাস্থ্য ভাল থাকবে।
- পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব নেই